দামুড়হুদা মডেল থানা পুলিশের কার্যক্রম শুরু

দামুড়হুদা মডেল থানা পুলিশের কার্যক্রম শুরু হয়েছে। আজ সোমবার দুপুর ২টা থেকে থানার সকল কার্যক্রম শুরু হয়।

থানা পুলিশের কার্যক্রম শুরু করার জন্য চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান এর নেতৃত্বে চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি বৃহৎ টহল দল জেলা ব্যাপি মহরা দেয়। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা বাস স্ট্যান্ড এলাকা অতিক্রম করে ডুগডুগি পশুহাটের উপর দিয়ে দর্শনা থানার দিকে রওনা করে। এরই মধ্যদিয়ে দামুড়হুদা উপজেলার দুইটি থানা, দামুড়হুদা মডেল থানা ও দর্শনা থানা পুলিশের কার্যক্রম শুরু হয়। পুলিশের কার্যক্রম শুরু হওয়ার পর থেকেই জনমনে স্বস্তি ফিরতে শুরু করেছে।

এক সপ্তাহের বেশী সময় পরে মাঠপর্যায়ে পুলিশের উপস্থিতি দেখে সাধারণ মানুষ আনন্দিত হয়েছে। সাধারণ মানুষের জানমালের নিরাপত্তায় পুলিশ প্রশাসনের কোন বিকল্প নেয় বলে অভিমত পোষণ করেন এলাকার স্থানীয় সাধারণ মানুষ।

তারা বলেন, পুলিশ জনগণের বন্ধু, তারা যেনো আর কখনো জনগণের রোষানল পরিনত না হয়। পুলিশই পারে সাধারণ জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে। কোন ব্যক্তি বা রাজনৈতিক দলের কারো প্ররোচনায় পুলিশ যেনো আর ব্যাবহার না হয়। তাহলে সাধারণ মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে পুলিশ জনতা এক যুগান্তকারী শক্তিতে পরিনত হবে। এতে করে বাংলাদেশর জনগণের কখনো কোন রাজনৈতিক দল ক্ষতি করতে পারবেনা। আমরা সাধারণ মানুষ চাই পুলিশ যেনো সব সময় সাধারণ মানুষের সাথে থাকে।

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের নেতৃত্বের সংস্করণসহ দু’দফা দাবীতে সংবাদকর্মী মানববন্ধন

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের নেতৃত্বের সংস্করণের দাবী জানিয়েছে জেলা সাধারণ সাংবাদকর্মী ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। গতকাল রবিবার দুপুর ৩টায় জেলার সাধারণ সংবাদকর্মী ও বৈষম্যবিরোধী শিক্ষার্থীরা দু’দফা দাবী জানিয়ে প্রেসক্লাবের সামনে সমবেত হয়।

এসময় তারা প্রেসক্লাবে রাজনৈতিক প্রভাব সম্পৃক্তকরণ ও সাধারণ সংবাদকর্মীদের অধিকার হরণের প্রতিবাদ জানিয়ে দু’দফা দাবি পেশ করেন। এ দাবীতে তারা জানিয়েছেন, দীর্ঘদিন প্রাব বিস্তার করে চুয়াডাঙ্গা প্রেসক্লাবকে কুক্ষিগত করার পায়তারায়, যোগ্যদের প্রেসক্লাবে অর্ন্তভূক্তকরণ করা হয়নি। তাদেরকে অর্ন্তভূক্ত করে, বর্তমান কার্য নির্বাহী কমিটি ভেঙ্গে আহ্বায়ক কমিটি গঠন করতে হবে।

আন্দোলনকারী গণমাধ্যমকর্মীদের পক্ষে জানানো হয়, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সর্বশেষ নির্বাচনের পর নির্বাচিত কমিটি ক্লাবের সদস্য ব্যতীত সকল গণমাধ্যমকর্মীদের ক্লাবে প্রবেশাধিকার নিষিদ্ধ করেছে। চুয়াডাঙ্গা প্রেসক্লাব জেলার সাধারণ সাংবাদিকদের অধিকার হরণ করে স্বার্থান্বেষীভাবে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছিলো। প্রকৃত সাংবাদিকদের বাইরে রেখে দলীয় প্রভাবের মাধ্যমে ক্লাবকে কুক্ষিগত করে রাখা হয়েছে। সরাসরি রাজনীতি করে ও দলীয় সমর্থনে নির্বাচিত পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলর কামরুজ্জামান চাঁদ প্রেসক্লাবের নির্বাহী কমিটির পদে রয়েছেন। চুয়াডাঙ্গা আলিয়া মাদ্রাসার শিক্ষক আবুল হাশেম ও মুহাম্মদ আতিয়ার রহমান এবং একই প্রতিষ্ঠানের শারীরিক প্রশিক্ষক ইসলাম রকিব সরকারি চাকরী ও এমপিওভুক্ত চাকরী করেও এ ক্লাবের নির্বাহী পদে আছেন। শুধু তাই নয়, ক্লাবের গঠনতন্ত্র না মেনে রাজনৈতিক প্রভাব খাটিয়ে বছরের পর বছর যোগ্য সংবাদকর্মীদের সদস্য পদ দেয়া থেকেও বিরত রয়েছে প্রভাবশালী কয়েকজন। ক্লাবের গঠনতন্ত্রে স্থানীয় গণমাধ্যমের দু’জন করে প্রতিনিধিকে সহযোগী সদস্য করে অর্ন্তভূক্ত করার নিয়ম থাকলেও তা করা হয়নি। তবে অযোগ্যরা স্বজনপ্রীতির মাধ্যমে অনায়াশেই ক্লাবের সদস্য পদসহ গুরত্বপূর্ণ পদেও স্থান পেয়েছেন।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব নিরপেক্ষ করার জন্য বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, গণমাধ্যমকর্মীদের এ আন্দোলনে সম্মতি জানিয়েছেন। নিরপেক্ষ সাংবাদিকতার দাবী তাদেরও। এতে স্বতস্ফূর্তভাবে অংশ নেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের চুয়াডাঙ্গার অন্যতম সমন্বয়ক সাফ্ফাতুল ইসলাম। চুয়াডাঙ্গা প্রেসক্লাবের নেতৃত্বের সংস্করণের দাবী জানিয়ে তিনি বলেন, ‘গণমাধ্যকর্মী ভাইয়েরা সত্য প্রকাশে কাজ করেন। তবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে আমরা দেখেছি যারা সত্য প্রকাশে কাজ করতে চেয়েছেন তাদেকে বাধা দেয়া হয়েছে। প্রেসক্লাব থেকে আমাদের ন্যয্য দাবীতে করা আন্দোলনে কোন প্রকার সহযোগীতা করা হয়নি। ক্ষমতাসীন দল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নেয়া শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছে। প্রেসক্লাবে রাজনৈতিক প্রভাবের স্থান থাকায় ক্লাবের নেতৃত্বস্থানীয় সংবাদকর্মীরা অন্য সাধারণ সংবাদ কর্মীদের কাজেও বাধা সৃষ্টি করেছে। আমরা চাই স্বচ্ছ প্রেসক্লাব, যেখানে সকলের সমঅধিকার থাকবে। সত্য প্রকাশে সংবাদকর্মীরা থাকবেন নির্ভীক। আমরা ক্লাবের নেতৃত্বের সংস্করণে যোগ্যদের স্থান দেয়া ও পূর্বের কমিটি ভেঙে আহ্বায়ক কমিট গঠন করাসহ দু’দফা দাবী জানাচ্ছি। অন্যথায় আমরা পরবর্তী বৃহৎ কর্মসূচি নিয়ে ক্লাবের সামনে সমবেত হবো।

এদিকে, গণমাধ্যমকর্মীদের প্রেসক্লাবের সামনে কর্মসূচীর খবর পেয়ে সেখানে আসেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান কচি। তিনি সাংবাদিকদের দাবী মেনে নেওয়ার আশ্বাস দেন। কিছুক্ষণ পর সেখানে প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফও আসেন। তারা সাংবাদিক ও শিক্ষার্থীদের তাদের দাবী পুরণে আশ্বস্থ করেছেন।

তবে আন্দোলনরত গণমাধ্যমকর্মীদের পক্ষে জানানো হয়েছে, দাবী মেনে না নেওয়া হলে, আজ সোমবার (১২ আগস্ট) বৃহৎ কর্মসূচী দেয়া হবে। ক্লাব ঘেরাও থেকে শুরু করে কয়েকজন দলীয় ব্যক্তিদের সদস্য পদ বাতিলের দাবিও উঠতে পারে। ইতোমধ্যে এ আন্দোলনে সংহতি জানিয়েছেন, চুয়াডাঙ্গার জ্যৈষ্ঠ সাংবাদিকরাসহ উপজেলা পর্যায়ের গণমাধ্যমকর্মী ও বিভিন্ন প্রেসক্লাব।

আন্দোলনে দেখা যায়, চুয়াডাঙ্গার গণমাধ্যমকর্মীদের মধ্যে সাংবাদিক হুসাইন মালিক, মাহফুজ মামুন, সুস্থির আজাদ, আহসান আলম, সাঈফ জাহান, মেহেরাব্বিন সানভী, আলমগীর হোসেন, আজাদুল ইসলাম আজাদ, এফ.এ.আলমগীর, রুদ্র রাসেল, বজলুল আলম জীবন, সাইফুল ইসলাম,

সাকিবুর রহমান সাকিব, সাকিব আল হাসানসহ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ প্রমুখ।

আলমডাঙ্গায় আনসার ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা আনসার ও ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে এ বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করেন উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা আজিজুল হাকিম।

এ সময় আনসার ও ভিডিপি’র উপজেলা প্রশিক্ষক মাজিদুল হকসহ ইউনিয়ন দলনেতা ও দলনেত্রী এবং আনসার প্লাটুন কমান্ডার ও সহকারি আনসার প্লাটুন কমান্ডার উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপন কর্মসূচীতে আনসার কর্মকর্তা আজিজুল হাকিম বলেন, দেশের পরিবেশ ধরে রাখতে হলে গাছের গুরুত্ব অপরিসীম। সকলে নিজ উদ্যোগে বাড়িতে কমপক্ষে দুটি গাছ রোপন করতে হবে। নিজের পাশাপাশি গাছ রোপনে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। এর আগে আনসার ও ভিডিপির কর্মীদের মাঝে তাদের পরিচয়পত্র বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গার আইলহাঁসে চিরকুট লিখে হোটেল মালিকের আত্মহত্যা

আমাকে গোসল করাবা দোকানের মধ্যে যেটি হোটেল হিসেবে আছে। আমার কাপড় চোপড় ইত্যাদি যা আছে, তোমার কাজে লাগলে নিবা। তা না লাগলে

গরীব কাউকে দিয়া দিবা। তোমাকে আমি ফোন দিব ফজরের নামাজের পর। এভাবে চিরকুট লিখে আত্মহত্যা করেছেন আবু সাবের (৫৫) নামের এক হোটেল ব্যবসায়ী।

গতকাল রবিবার রাতে আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস গ্রামে তার একটি হোটেলে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছেন। নিহত আবু সাবের খুলনা জেলার সিটি কর্পোরেশন এলাকার বানিয়া খামার বাড়ির সোনাডাঙ্গা গ্রামের মৃত আব্দুর রহিমের ছেলে।

স্থানীয়রা জানান, গত ৫ বছর আগে পারিবারিক বিরোধের কারণে নিহত আবু সাবের খুলনা থেকে আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস গ্রামের পূর্ব পরিচিত হাবিবুর ফকিরের বাড়িতে ওঠেন। তিনি কিছুদিন তার বাড়িতে থাকায় তাদের পারিবারিক ঝামেলা দেখা দেয়। এরই একপর্যায়ে আবু সাবের হাবিবুর ফকিরের বড় ভাই আশানুর ফকিরের বাড়িতে ওঠেন। তার বাড়িতে দীর্ঘদিন বসবাস করছিল। আশানুর ফকিরের দেওয়া জায়গায় গত ৬ মাস আগে সে চা, কফি ও হোটেল নির্মাণ করে ব্যবসা করছেন। গত শনিবার রাতে ১৬ পৃষ্ঠার একটি খাতায় তার মান অভিমানের কথা লিখে এক যুবকের কাছে দেয়। তাকে জানায়, গতকাল রবিবার সকালে আশানুর ফকিরের ছেলে মিজানের নিকট খাতাটি দিবে।

তারা আরও জানান, গত শনিবার রাতে সবাই বাড়িতে চলে গেলেও আবু সাবের তার ওই হোটেলেই ছিল। রবিবার সকালে দোকান বন্ধ দেখে স্থানীয়রা ডাকাডাকি করে। পরে এলাকাবাসী ও পুলিশের সহযোগীতায় হোটেলের দরজা ভেঙে আবু সাবের ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ।

এলাকাবাসী দাবি করে, খাতায় ১৬ পৃষ্ঠায় লেখা তার মান-অভিমানের কথা লেখা থাকলেও ঝুলন্ত লাশ দেখে মনে হচ্ছে তাকে হত্যা করে ঝুলিয়ে রাখা হয়েছে।

খবর পেয়ে থানার উপ- পরিদর্শক (এসআই) গোলাম হোসেন ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে সুরতহার রিপোর্ট সংগ্রহ করেছেন।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, ঘটনাস্থলে পুলিশ গিয়ে লাশ উদ্ধার করেছে। লাশের সুরতহাল রিপোর্টও নেওয়া হয়েছে। এঘটনায় নিহত বৃদ্ধার আত্নীয়রা এসে অপমৃত্যু মামলা দায়ের করেছেন।

দামুড়হুদায় বৈষম্য বিরোধী ছাত্ররা বাজার মনিটরিং ও ট্রাফিকের দায়িত্বে

বৈষম্য বিরোধী আন্দোলন কারী ছাত্র-ছাত্রীরা দামুড়হুদা উপজেলা শহর পরিষ্কার পরিচ্ছন্নতা, বাজার মনিটরিং ও ট্রাফিকের দ্বায়িত্ব কর্মসূচি পালন করেছে।

আজ রবিবার সকাল ৯টার দিকে এই কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে অংশগ্রহণ করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ, দর্শনা সরকারি কলেজ, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল, ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি, ফাস্ট মাল্টিমিডিয়া, রোভার স্কাউট, স্কাউট সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দামুড়হুদা উপজেলার সমন্বয়ক দর্শনা সরকারি কলেজের এইচএসসি ২য় বর্ষের শিক্ষার্থী জিতু আহসান বলেন, রবিবার সকালে আমাদের শিক্ষার্থীরা দামুড়হুদা উপজেলা শহর এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্নতা ও বাজার মনিটরিং কর্মসূচি পালন করে। পরে দুপুর থেকে দামুড়হুদা বাসস্ট্যান্ডে ট্রাফিকের দায়িত্ব পালন করে সড়কে নিরাপত্তা ফিরিয়ে আনে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে জামায়াত

নেতৃবৃন্দের মতবিনিময়

বাংলাদেশ জামায়াতে ইসলামী দর্শনা পৌর শাখার উদ্যোগে গতকাল শনিবার সকাল ১০টায় দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার সাহার সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত মতবিনিময় সভায় জামায়াতে ইসলামীর পক্ষ থেকে দর্শনায় সাম্প্রতিক অবস্থার পরিপ্রেক্ষিতে সার্বিক নিরাপত্তা জোরদার ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার লক্ষ্যে তাদের পক্ষ থেকে সবধরনের সহযোগীতার আশ্বাস দেওয়া হয়। মতবিনিময় জামায়াত নেতৃবৃন্দ্ব জানান- ৫ তারিখের ক্লান্তিলগ্নে জামায়াত ও শিবিরকর্মীরা সারা রাত জেগে দর্শনা পুরাতন বাজারস্থ সংখ্যালঘু পল্লীতে যেন কোন দূর্বৃত্তরা হামলা করতে না পারে সে জন্য পাহারা দিয়েছে। তারা ইতি মধ্যেই হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দ্বের সাথে বসে তাদের পাশে থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে এবং সার্বিক বিষয়ে খোঁজখবর রাখছে।

সভায় জামায়াত নেতৃবৃন্দের পক্ষ থেকে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারী সাবেক দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান মো: আব্দুল কাদের, দর্শনা থানা জামায়াতের সেক্রেটারী মাহাবুবুর রহমান টুকু, পৌর জামায়াতের ভারপ্রাপ্ত আমীর মোঃ আজিজুল ইসলাম, সাবেক কমিশনার সাহিকুল আলম অপু, আমজাদ হোসেন, মাসুমবিল্লাহ, তানজীল হোসেন প্রমুখ। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার সাহা তাদের আন্তবিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

আলমডাঙ্গার মোড়ে মোড়ে যানবাহনের শৃঙ্খলা ফেরাচ্ছে শিক্ষার্থীরা

অগোছালো আলমডাঙ্গা পৌর শহরের যানবাহনের শৃঙ্খলা ফেরাতে সড়কের গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিকের দায়িত্বপালন করছে কলেজপড়ুয়া

শিক্ষার্থীরা। গত তিন দিন যাবৎ শহরের আলতায়েবা মোড়, চারতলার মোড়, রেল স্টেশন, সাদাব্রিজ ও লালব্রিজ এলাকায় তাদের দায়িত্বপালন করতে দেখা যায়। ছাত্রদের পাশাপাশি রয়েছে গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আনসার সদস্যরাও।

আজ শনিবার সকালে লালব্রিজ মোড়ে দায়িত্ব পালন করছিলেন কয়েকজন ছাত্র। দায়িত্বপালনে কথা হয় আলমডাঙ্গা সরকারি কলেজের দ্বাদশ পড়ুয়া শিক্ষার্থী সজিব আহমে¥দের সঙ্গে। তিনি বলেন, ‘নাজুক অবস্থায় পৌর শহরের ট্রাফিক ব্যবস্থা। এ শহরে যানবাহনের সংখ্যা বাড়লেও দীর্ঘদিন ট্রাফিক কোন ব্যবস্থা ছিল না। যত্রতত্র পাকিং ও শৃঙ্খলা বিহীন যানবহন চলাচলে শহরে যানজট লেগেই থাকত। আমরা শহরের গুরুত্বপূণ মোড়ে মোড়ে যানবাহনের শৃঙ্খলা ফেরানোর চেষ্ঠা করছি।

আরেক শিক্ষার্থী সাজেদুর রহমান সানজিদ বলেন, দেশের পাশাপাশি আমাদের নিজেদের শহর সুন্দর করে গড়ে তুলতে হবে। বৈষম্য ছাত্র সংগঠনের সাধারণ শিক্ষার্থীরা এক সঙ্গে সড়ক পরিচ্ছন্ন অভিযান চালানো হয়েছে।

ছাত্রদের এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে পৌর এলাকায় বসবাসরত সাধারণ মানুষ। তারা দাবি করেন, এ শহরে দিন দিন বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। সড়কজুড়ে যানজট, ফুটপথ দখল, যত্রতত্র যানবাহন পাকিং করায় চলাচলে ভোগান্তির শেষ থাকে না। পৌর কতৃপক্ষ জলাবদ্ধতা দুরীকরণেও কোন সময় উদ্যোগ নেয়নি। এ শহরে যানবহন বাড়লেও ট্রাফিক ব্যবস্থা গড়ে তোলেনি তারা। সড়কে পরিচ্ছন্নতার নামে তামাশা করে। আজকের ছাত্র আলমডাঙ্গা পৌরবাসীকে দেখিয়ে দিচ্ছে। ইচ্ছা করলেই সব কিছু সম্ভব।

আলমডাঙ্গা উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম বলেন, ‘গণঅভ্যুত্থানের পর শহরে কোন পুলিশ নেই। শহরের শৃঙ্খলা রক্ষায় ছাত্রদের পাশাপাশি আনসার সদস্যরাও দায়িত্বপালন করছেন। এ অবস্থায় শহরবাসীর জীবনযাত্রা স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা আমাদের দায়িত্ব। এই দায়িত্ববোধ থেকেই সড়কে যানজট নিয়ন্ত্রণে নেমেছি।

দর্শনা সরকারী কলেজের ৮৯ ব্যাচের পূর্ণ মিলনী সামনে রেখে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আগামী ডিসেম্বর-২০২৪ দর্শনা সরকারী কলেজের ৮৯ ব্যাচের পূর্ণ মিলনী সামনে রেখে ১ম প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৫টায় দর্শনা প্রেসক্লাবে দর্শনা কলেজের ৮৯ ব্যাচের আহবায়ক কমিটির উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়।

৮৯ ব্যাচের আহবায়ক আজিজুল হকের সভাপতিত্বে সভায় বেশ কিছু প্রস্তুতি নেওয়া হয়েছে। প্রাথমিক পযার্য়ে এসব প্রস্তুতির মধ্যে সেপ্টেম্বর মাসে ৮৯ ব্যাচের সকলের সাথে যোগাযোগ করা হবে। আক্টোবর মাস জুড়ে রেজিষ্টেশন চলবে এবং নভেম্বর মাসে উপকরণ যেমন সুবিনির, ব্যানার, ব্যার্চ, ক্রেস্ট, গেঞ্জী ক্রয় তালিকা করে প্রস্তুতি গ্রহন করাসহ বেশ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়।

তবে আগামীতে আরো বেশ কিছু সভার মাধ্যমে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করে অনুষ্ঠান বাস্তবায়ন করা হবে বলে উপস্থিত সকলেই জানান। সভায় উপস্থিত ছিলেন,যুগ্ম আহবায়ক আওয়াল হোসেন, এরশাদুল হক কচি, মহাইমিনুল হক মিনা, হুমায়ন কবির, সাকিল আহম্মেদ, আব্দুস ছামাদ আজাদ বিপু, মোজাফ্ফর হোসেন ইনু ও সলিম উল্লাহ।

দামুড়হুদা ডুগডুগী সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভা

দেশের চলমান অস্থিতিশীল পরিবেশে সংখালঘুদের নিরাপদে রাখতে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন বিএনপি’র আয়জনে ডুগডুগি গ্রামে সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় সৌজন্য

সাক্ষাৎ করলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে ডুগডুগি পূজা মন্ডপ চত্বরে সমস্ত হিন্দু সম্প্রদায়ের মানুষের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা গনতন্ত্র চাই, কিন্তু সেই গনতন্ত্র ছিলনা বলেই তার জের ধরে শেখ হাসিনার পদত্যাগের করনে দেশের মানুষ স্বস্তিতে নিঃস্বাস নিচ্ছে। বর্তমান দেশের চলমান পরিস্থিতিতে সংখ্যালঘুদের নিরাপদে রাখতে আমাদের কেন্দ্রীয় নির্দেশনা রয়েছে। কেউ যেনো বর্তমান পরিস্থিতিতে আপনাদের যেনো কোন রকম কোন অসুবিধা না হয়, সেদিকটা আমরা বিএনপি গুরুত্ব দিয়ে আপনাদের সাথে আছি। আপনারা কোন ভয় পাবেনা। আপনাদের জন্য আমরা সব সময় আছি। কোন সমস্যা মনে হলে আমাদের জানাবেন। হিন্দু পারার রাস্তার নাজেহাল অবস্থা দেখে তিনি বলেন, যদি আমর সরকার কখনো ক্ষমতায় আসে তাহলে আমি এই হিন্দু পারায় পিচ রাস্তা করে দেবো ইনশাআল্লাহ। ১৭/১৮ বছর আগে এই হিন্দু পারায় রাস্তা হয়েছিল। তা আর নতুন হয়নি। আমার সরকার ক্ষমতায় আসলে নতুন হবে। আপনারা কেউ হতাস, নিরাশ ভয় ভীতি পোষণ করবেন না। মনখুলে চলবেন। মনে রাখবেন এদেশে আপনার আমার আমাদের সকলের।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, হাউলী ইউনিয়ন বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি সলেমান মল্লিক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক টুটুল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক জাকির হোসেন, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের সদস্য ইজাজুল, শওকত, যুবদল নেতা ইমতিয়াজ, দামুড়হুদা উপজেলা ছাত্র দলের সাবেক সভাপতি সজল আহাম্মেদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন এর মনোমুগ্ধকর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ।

এ ছাড়াও আরও উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ৪নং ওয়ার্ড বিএনপির সহসভাপতি মতিয়ার রহমান মতি, সাধারণ সম্পাদক মিন্টু, ৫নং ওয়ার্ড

বিএনপির সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহাসিন আলী, ৬নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রসিদ, হাউলী ইউনিয়ন বিএনপির কৃষক দলের সাংগঠনিক সম্পাদক আমিরুল জোয়ার্দার। হাউলী ইউনিয়ন ছাত্র দলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

এছাড়াও উপস্থিত ছিলেন, ডুগডুগি পূজা মন্ডপের সভাপতি শ্রী শ্যামল ঘোষ, সাধারণ সম্পাদক শ্রী সুমন হালদার। উপস্থিত ছিলেন, শ্রী গোবিন্দ হালদার, শ্রী আনন্দ ঘোষ, শ্রী মদন ঘোষ, শ্রী শ্যাম ঘোষ। স্থানীয় ডুগডুগি বিএনপির শুকুর আলী, নবাবু, শামীম, আতিয়ার, হিরো, মানিক, আলী কদর, সোহেল,জীবন সহ স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

আলমডাঙ্গায় বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মতবিনিময় ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে খাসকররা মাধ্যমিক হাইস্কুলে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, সহ- সভাপতি আব্দুস সাত্তার, সহ-সাধারণ সম্পাদক মোঃ পিন্টু কাজী, সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, সাংগঠনিক সম্পাদক ফরিদুল ইসলামসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, সহিংসতাকে পরিহার করুন। যারা ভাঙচুর ও লুটপাট করছে এরা কেউ বিএনপির কেউ না। যদি কেউ এধরণের কাজের সাথে লিপ্ত থাকে তবে তার বিরুদ্ধে সাংগঠনিক ভাবে ব্যবস্থা নেওয়া

হবে। এছাড়াও নেতা আরো বলেন, আমাদের এলাকায় যারা সংখ্যালঘু পরিবার বসবাস করে, তাদের পরিবারগুলোকে রক্ষায় সবাইকে সজাগ থাকতে হবে। কেউ যদি তাদের উপরে কোন ধরণের অত্যাচার করে তাদের নিজ হাতে প্রতিহত করতে হবে।